

## আয়-যুখরুফ | Az-Zukhruf | الْزُّخْرُفُ

আয়াতঃ ৪৩ : ২২

### আরবি মূল আয়াত:

﴿ ۲۲ ﴾ بَلْ قَالُوا إِنَّا وَجَدْنَا أَبَاءَنَا عَلَىٰ أُمَّةٍ وَّ إِنَّا عَلَىٰ أَثْرِهِمْ مُّهَتَّدُونَ

### Aর্থ অনুবাদসমূহ:

বরং তারা বলে, ‘আমরা নিশ্চয় আমাদের পিতৃপুরুষদেরকে এক মতাদর্শের উপর পেয়েছি, আর নিশ্চয় আমরা তাদের পদাঙ্ক অনুসরণে হিদায়াতপ্রাপ্ত হব’। — আল-বায়ান

বরং তারা বলে- আমরা আমাদের পূর্ব পুরুষদেরকে এক ধর্মত পালনরত পেয়েছি আর আমরা তাদের পদাঙ্ক অনুসরণ করে পথপ্রাপ্ত হয়েছি। — তাইসিরুল

বরং তারা বলেঃ আমরাতো আমাদের পূর্ব পুরুষদেরকে পেয়েছি এক মতাদর্শের অনুসারী এবং আমরা তাদেরই পদাঙ্ক অনুসরণ করছি। — মুজিবুর রহমান

Rather, they say, "Indeed, we found our fathers upon a religion, and we are in their footsteps [rightly] guided." — Sahih International

২২. বরং তারা বলে, নিশ্চয় আমরা আমাদের পিতৃপুরুষদেরকে এক মতাদর্শের উপর পেয়েছি এবং নিশ্চয় আমরা তাদের পদাঙ্ক অনুসরণে হিদায়াতপ্রাপ্ত হব।

-

তাফসীরে জাকারিয়া

(২২) বরং ওরা বলে, ‘আমরা তো আমাদের পূর্বপুরুষদেরকে এক মতাদর্শের অনুসারী পেয়েছি এবং আমরা তাদেরই পদাঙ্ক অনুসরণ করে পথপ্রাপ্ত।’

-

তাফসীরে আহসানুল বাযান

Source — <https://www.hadithbd.com/quran/link/?id=4347>

 হাদিসবিভিন্ন প্রজেক্টে অনুদান দিন